

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[মূল্য সংযোজন কর]
প্রজ্ঞাপন

তারিখঃ ২৭ জ্যৈষ্ঠ, ১৪১৭ বঙ্গাব্দ / ১০ জুন, ২০১০ খ্রিষ্টাব্দ

এস,আর,ও নং-২০৪-আইন/২০১০/৫৫৩-মূসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, উহার ২৯ জ্যৈষ্ঠ, ১৪১০ বাং মোতাবেক ১২ জুন, ২০০৩ ইং তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং-১৬৮-আইন/২০০৩/৩৭৬-মূসক এ নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথাঃ-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিল এর কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা (Heading No.)—

(ক) ১৯.০৫ এবং উহার বিপরীতে কলাম (২) এ বিধৃত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) এর বিপরীতে কলাম (৩) এ বর্ণিত পণ্যসমূহ এর পরিবর্তে নিম্নরূপ (Heading No.) এবং এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

“১৯.০৫	প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড	বিস্কুট, চানাচুর
২০.০৯	প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড	জুস
২২.০৯	প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড	এনার্জি ড্রিংক”

(খ) ২৪.০৩ এবং উহার বিপরীতে কলাম (২) এ বিধৃত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) এর বিপরীতে কলাম (৩) এ বর্ণিত পণ্যসমূহ এর পরিবর্তে নিম্নরূপ (Heading No.) এবং এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

“২৪.০২	প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড	সকল প্রকার সিগারেট, বিড়ি
২৪.০৩	প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড	জর্দা এবং গুল”

(গ) ৬৯.০৪ এবং উহার বিপরীতে কলাম (২) এ বিধৃত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) এর বিপরীতে কলাম (৩) এ বর্ণিত পণ্যসমূহ এর পর নিম্নরূপ (Heading No.) এবং এন্ট্রি সন্নিবেশিত হইবে, যথাঃ-

“৭২.১০ হইতে ৭২.১২	প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড	এম. এস. প্রোডাক্ট”
----------------------	------------------------------------	--------------------

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ আব্দুল মান্নান পাটোয়ারী)
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)